DEC. 02 2001

দৈনিক সংবাদ

তারিখ ... পৃষ্ঠা ... কলাম

### মানিকগঞ্জ জুড়ে চলছে এসএসসি পরীক্ষার ফরম পূরণ

# কোচিং ও অন্যান্য ফির নামে আদায় করা হচ্ছে অতিরিক্ত অর্থ

**মানিকগঞ্জ থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ** এখন চলছে এসএসসি পরীক্ষার ফরম ফিলাপ। জেলার ১শ ৩৮টি উচ্চ বিদ্যালয়ে কোচিং ফি ও অন্যান্য ফির নামে ফরম পূরণের সময় ছাত্রছাত্রীদের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায় করা হচ্ছে। অভিবাবকদের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে বিভিন্ন এলাকার উপজেলা নির্বাহী অফিসারের কাছে।

কয়েকটি স্কুলে সরেজমিন খোঁজ-খবর নিয়ে জানা গেছে সর্বোচ্চ ১৮শ' টাকা পর্যন্ত আদায় করা হচ্ছে ছাত্রছাত্রী প্রতি। জেলার হাজার হাজার ছাত্রছাত্রীর কাছ থেকে অতিরিক্ত ফির নামে স্কুলগুলোর কর্তৃপক্ষ লাখ লাখ টাকা হাতিয়ে নিচ্ছেন। এ ব্যাপারে অবশ্য প্রধান শিক্ষকদের বক্তব্য হচ্ছে, তারা কোচিং করানো বাবদ যে টাকা নিচ্ছেন তা শিক্ষকদের জন্য। যে শিক্ষক কোচিং করাচ্ছেন তাকে ওই টাকা থেকে সম্মানী বাবদ দেয়া হবে।

**প্রশংসনীয় উদ্যোগ ঃ** অভিভাবকদের কাছ থেকে অভিযোগের ভিত্তিতে শিবালয় উপজেলা নির্বাহী অফিসার মো. মফিজুল ইসলাম পটোয়ারী গত বুধবার শিবালয়ের ১৭টি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের নিয়ে তার কার্যালয়ে একটি মতবিনিময় সভা করেন। ওই সভায় তিনি কোচিং ফি ও অন্যান্য অতিরিক্ত ফি ফরম ফিলাপের সময় না নেওয়ার জন্য প্রধান শিক্ষকদের অনুরোধ জানান। আলোচনাশেষে অতিরিক্ত ফি বাদে ইউএনও ফরম পূরণের ফি (বোর্ড ফিসহ) নির্ধারণ করে দেন এবং এ ব্যাপারে একটি লিখিত নির্দেশ দেন। বিজ্ঞান বিভাগের ছেলেদের জন্য ফি নির্ধারণ করে দেয়া হয়েছে ১ হাজার ৪[illegible] টাকা, মেয়েদের ৯শ ১০ টাকা। মানবিক ও বাণিজ্য বিভাগে ছেলেদের জন্য ফি ধরা হয়েছে ৯শ ২৫ টাকা ও মেয়েদের ৮শ ৫[illegible] টাকা। এক্ষেত্রে প্রতিটি ছাত্রছাত্রী ফরম পূরণের জন্য ৫শ ৫০ টাকা মওকুফ

## ইংরেজি শিক্ষক নেই

**শাহজাদপুর থেকে সংবাদদাতা ঃ** সিরাজগঞ্জ জেলার ঐতিহ্যবাহী শাহজাদপুর সরকারি কলেজে দীর্ঘ ৬ মাস যাবৎ ইংরেজি বিভাগে কোন শিক্ষক নেই। কলেজের ইসলামের ইতিহাস ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক দিয়ে দায়সারাভাবে ইংরেজির ক্লাস